দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB 21 1999 ... ...
পৃষ্ঠা ৭৭ ... কলাম ... 2 ...

# বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের কলম বিরতি অব্যাহত

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের প্রায় সাড়ে তিন হাজার সদস্য পূর্বঘোষিত- ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে বিগত ০৭, ফেব্রুয়ারী থেকে প্রতিদিন সকাল ৯টা হতে ১১টা পর্যন্ত কালো ব্যাজ ধারণ করে দু'ঘন্টা কলম বিরতি পালন করে আসছেন।

গতকাল বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট কর্তৃক আয়োজিত শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ ১৯৯৯ শীর্ষক কর্মশিবির ঢাকার পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীতে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ডঃ সাদত হোসাইন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।